# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 29.06.2024 Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) জামিনের জরুরী আবেদনের ক্ষেত্রে অনেক হাইকোর্ট, প্রয়োজনীয় তৎপরতা দেখাচ্ছে না বলে দেশের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় আজ কলকাতায় এক অনুষ্ঠানে মন্তব্য করেছেন। # মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, কোনো পক্ষপাত না রেখে বিচারের ব্যবস্থা করার জন্য শ্রী চন্দ্রচূড়কে অনুরোধ জানিয়েছেন।

২) ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে রাজ্য সরকার, বদলী নীতি কঠোরভাবে বলবত্ করার নির্দেশ দিয়েছে।

৩) হকাররা নিয়ম মেনে ব্যবসা করেন নি, তাই অভিযানের প্রয়োজন হয়ে পড়েছে বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী মন্তব্য করেছেন।

৪) মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্যের প্রত্যেকটি পুরসভা এলাকায় মা ক্যান্টিন চালুর উদ্যোগ।

৫) আগামীকাল আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

৬) টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টসে জিতে ভারত ব্যাট করতে নামছে।

---

জামিনের জরুরী আবেদনের ক্ষেত্রে অনেক হাইকোর্ট প্রয়োজনীয় তৎপরতা দেখাচ্ছে না বলে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় মন্তব্য করেছেন।

আজ কলকাতায় জাতীয় বিচারবিভাগীয় একাডেমির এক অনুষ্ঠানে তিনি বলেন, এই মনোভাব বিচারব্যবস্থার কখনই আদর্শ হতে পারেনা। বিচারকরা মানুষের সেবক এবং সমাজকে সঙ্গে নিয়ে সংবিধানের কথা মাথায় রেখে বিচার করতে হবে বলে প্রধান বিচারপতি জানিয়েছেন।

বাইট

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিচারব্যবস্থায় কোনো পক্ষপাত না রেখে বিচার করার জন্য শ্রী চন্দ্রচূড়কে অনুরোধ জানান। কোনো রাজনৈতিক পক্ষপাতিত্ব না রেখে গোপনীয়তার মাধ্যমে বিচার ব্যবস্থার পবিত্রতা রাখা উচিত বলে তিনি অভিমত প্রকাশ করেন।

বাইট

শ্রীমতি ব্যানার্জী বলেন, আগামী দিনে উন্নয়ন এবং সাধারণ মানুষের জন্য তিনি নিজেই মামলা লড়বেন। রাজারহাটে কলকাতা হাইকোর্টের পৃথক ভবন নির্মাণের জন্য রাজ্য সরকার ৭০ একর জমি দিয়েছে বলে তিনি উল্লেখ করেন। অন্যদের মধ্যে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম, বিচারপতি দীপঙ্কর দত্ত, রাজেশ বিন্দাল প্রমুখ উপস্থিত ছিলেন।

-------------------------

ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থাকে দুর্নীতিমুক্ত করতে বদলি নীতি কঠোর ভাবে বলবত্ করার সিদ্ধান্ত হয়েছে। তিন বছরের বেশি কোনও কর্মীকে একই গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিতে না রাখার এই নীতি কঠোর ভাবে কার্যকর করার জন্য রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। পঞ্চায়েত দফতর সূত্রের খবর, যাঁরা এই মুহূর্তে তিন বছরের

বেশি সময় ধরে গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিতে রয়েছেন, তাঁদেরকে এখনই বদলি করতে হবে। রাজ্য পঞ্চায়েত দফতরের এই নির্দেশিকা প্রত্যেকটি জেলায় পাঠানো হয়েছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে বহু কর্মী রয়েছেন যাঁরা দিনের পর দিন একই জায়গায় কাজ করছেন। এই ধরনের কর্মীদের নিয়ে নানান সময় সাধারণ মানুষের মধ্যে ক্ষোভও তৈরি হয়। তাই এই নির্দেশিকা বলে মনে করা হচ্ছে।

-------------------------

হকারদের নিয়ম মেনে ব্যবসা করার জন্য বারংবার বলা সত্ত্বেও তারা তা শোনেন নি এবং সেই জন্যই অভিযানের প্রয়োজন পড়েছে বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। আজ কলকাতায় সাংবাদিকদের তিনি বলেন, হকারদের নিয়ম মেনে ফুটপাতে ব্যবসা করতে হবে। ফুটপাতের তিন ভাগের এক ভগে তারা ব্যবসা করতে পারবেন। এই নিয়ম বলবত্‍ করতেই তৎপরতা শুরু হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

বাইট

এদিকে, সোনারপুর গ্রামীণ হাসপাতালের কাছে বেআইনী দোকান উচ্ছেদ করতে পুসরভা উদ্যোগ নিয়েছে। তবে রাস্তার অন্যপাশের দোকান না ভাঙ্গায় একাংশের ক্ষোভ। প্রশাসনের পক্ষ থেকে অবশ্য বলা হয়েছে সরকারি জমি দখল করে তৈরি হওয়া সমস্ত বেআইনী দোকানই ভাঙ্গা পড়বে।

হকার অভিযানকে কেন্দ্র করে বিভিন্ন জায়গায় হকারদের বিক্ষোভের বিষয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, সরকারের উচিত, হকার সমস্যা নিয়ে সহানুভূতির সঙ্গে বিবেচনা করা। কারণ কেউ শখ করে হকারি করতে আসেন না।

---------------------------

মুখ্যমন্ত্রীর নির্দেশের প্রেক্ষিতে পুর ও নগরোন্নয়ন দফতর, রাজ্যের প্রতিটি পুরসভা এলাকার বাজার অথবা হকিং জোনে মা ক্যান্টিন চালুর উদ্যোগ নিয়েছে। দফতরের তরফে রাজ্যের প্রতিটি পুরসভাকে চিঠি দিয়ে তাদের এলাকায় কতগুলি বাজার রয়েছে এবং সেখানে মা ক্যান্টিন খোলার মতো জায়গা পাওয়া যাবে কিনা, তা শীঘ্রই জানতে চাওয়া হয়েছে।

---------------------------

বাড়ি বা ফ্ল্যাট কিনে তার মালিকানা বা অন্যান্য পরিষেবা পাওয়ার জন্য সাধারণ মানুষকে যাতে অসুবিধা না পড়তে হয় রাজ্য সরকার তা সুনিশ্চিত করবে। প্রোমোটার, ডেভলপার এবং নির্মাণকারীদের সংস্থা ক্রেডাইয়ের সঙ্গে আলোচনার ভিত্তিতে আবাসন সংক্রান্ত সমস্ত অভিযোগ নিরসনের নির্দিষ্ট গাইডলাইন তৈরি করা হচ্ছে বলে ক্রেতা সুরক্ষা দফতর সূত্রে জানা গিয়েছে।

---------------------------

বিজেপি, কোচবিহারে দলের সংখ্যালঘু মোর্চার নেত্রীকে নিগ্রহের ঘটনায় সিবিআই তদন্তের দাবি জানাবে। কলকাতায় দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেন, গণ পিটুনি এবং নিগ্রহ সত্ত্বেও পুলিশ তৃণমূল কংগ্রেসের হস্তক্ষেপে পারিবারিক বিবাদ বলে লঘু ধারা দিয়েছে।

এদিকে, বিধায়ক অগ্নিমিত্রা পলের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধ দল কোচবিহারে এই নিগ্রহের প্রতিবাদে জেলা পুলিশ সুপারের অফিসে ডেপুটেশন জমা দিয়েছে।

--------------------------

লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আবার আগামীকাল শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর **প্রথম** মন-কি-বাত। মন-কি-বাতের এটি **১১১-তম** পর্ব।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

--------------------------

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে অধ্যাপক প্রশান্তচন্দ্র মহালানবিশের **১৩১** তম জন্মবার্ষিকী আজ পরিসংখ্যান দিবস হিসাবে পালিত হচ্ছে। এই উপলক্ষে বরানগরে ইন্ডিয়ান স্ট্যাটিস্টিকাল ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে বিশিষ্ট অর্থনীতিবিদ অভিরূপ সরকার বলেন,

বাইট

আইএসআই-এর অধিকর্তা ডক্টর সংঘমিত্রা বন্দ্যোপাধ্যায় বলেন, অধ্যাপক মহালানবিশের সময় থেকেই এখানে ডেটা ভিত্তিক গবেষণা এবং পড়াশুনার কাজ শুরু

হয়। অর্থনীতি ও সংখ্যাতত্ত্বের সমকলীন ভাবনাতেও দেশ মহালানবিশকে অনুসরণ করছে বলে ডক্টর বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেন।

আইএসআই-এর সভাপতি শঙ্কর কুমার পাল ডক্টর প্রণব সেন, অধ্যাপক সুজিত বসুও বক্তব্য রাখবেন।

-------------------------

বাংলাদেশের নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসার আল ইসলামের শাখা শাহাদাতের সঙ্গে যুক্ত শেখ হাবিবুল্লা ও হারেজ শেখকে গ্রেপ্তারের পর, STF আনোয়ার শেখ নামে আরো একজনকে চেন্নাই থেকে গ্রেপ্তার করেছে। মঙ্গলকোটের বাসিন্দা আনোয়ার শেখ রাজমিস্ত্রির কাজ করত বলে খবর। ট্রানজিট রিমান্ডে দূর্গাপুরে নিয়ে আসা হলে আদালত তাকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

-------------------------

বেলঘরিয়ায় এক ব্যবসায়ীর গাড়ি লক্ষ্য করে গুলি চালানোর ঘটনায় বিহার থেকে ৩ জন কে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত সাহিল কুমার, অঙ্কিত কুমার ও রাহুল কুমার বিহারের সমস্তিপুরের বাসিন্দা বলে খবর।

-------------------------

মালদায় গঙ্গায় স্নান করতে নেমে তিন পড়ুয়া তলিয়ে গেছে। জানা যায় বীরনগর হাই স্কুলের নবম শ্রেনীর ৮ বন্ধু আজ স্কুল ছুটির পর গঙ্গায় স্নান করতে নামে। সে সময় জল বেড়ে গেলে ৮ জনই তলিয়ে যেতে থাকে। স্থানীয়দের তৎপরতায় ৫ জনকে উদ্ধার করা গেলেও কৃষ্ণ সাহা, আকাশ সাহা ও আকাশ মন্ডল নামে তিনজন ভেসে

যায়। বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীরা স্পিড বোট নিয়ে তল্লাশী চালালেও এখনো পর্যন্ত কারোর সন্ধান মেলেনি বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

-------------------------

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্ত নিম্নচাপে পরিণত হওয়ায় দক্ষিণবঙ্গের সর্বত্রই আজ কম বেশি বৃষ্টি হচ্ছে। পশ্চিমের জেলাগুলিতে জারি করা হয়েছে ভারি বৃষ্টির সতর্কতা। দুই ২৪ পরগণা, দুই মেদিনীপুর এবং দুই বর্ধমানে ভারি বৃষ্টির পূর্বাভাস থাকলেও কলকাতা, হাওড়া এবং হুগলীতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হবে বলে জানা গেছে। রাজ্যের সর্বত্র ইতোমধ্যেই বর্ষা প্রবেশ করেছে। তাপমাত্রাও নীচের দিকে।

কলকাতায় আজ সর্বোচ্চ রেকর্ড করা হয়েছে ৩১ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ১ ডিগ্রী কম।

এদিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলায় আগামীকাল ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা থাকছে।

উপকূল এলাকায় ঝোড়ো হাওয়া এবং সমূদ্র উত্তাল থাকায় মৎস্যজীবিদের সমূদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

-------------------------

টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটের ফাইনালে ভারত আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হয়েছে। বার্বাডোজের কেনসিংটন ওভালে টসে জিতে ভারত, প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে। দু দলই টুর্নামেন্টে কোনো ম্যাচ না হেরেই ফাইনালে উঠেছে।

-------------------------

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে আজ চারটি খেলা হয়েছে। ভবানীপুর ক্লাব ৪-০ গোলে পুলিশ এ সি কে, পিয়ারলেস স্পোর্টস ক্লাব ৩-২ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দিয়েছে। অন্য ম্যাচে ক্যালকাটা কাস্টমস ৩-২ গোলে রেনবো অথলেটিক ক্লাবের বিরূদ্ধে জয়ী হয়েছে। কালীঘাট স্পোর্টস লাভার্স ৩-০ গোলে রেলওয়ে এফ সি কে পরাজিত করেছে।

------------------------- -------------------------